গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি)
এডিবি-৩ শাখা
শেরে বাংলা নগর, ঢাকা।
(www.erd.gov.bd; Fax: 9180788)

# প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ২৭ আগষ্ট ২০১৪ তারিখ ঢাকায় বাংলাদেশ সরকার এবং এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)-এর মধ্যে স্থানীয় সরকার বিভাগের আওতায় বাস্তবায়িতব্য **"Third Urban Governance and Infrastructure Improvement (Sector) Projec (UGIIP-III)"** -শীর্ষক প্রকল্পের জন্য ১২৫ মিলিয়ন মার্কিন ডলারের একটি ঋণচুক্তি স্বাক্ষরিত হয়। বাংলাদেশ সরকার পক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সচিব **জনাব মোহাম্মদ মেজবাহউদ্দিন** এবং এডিবি পক্ষে বাংলাদেশ আবাসিক মিশনের কান্ট্রি ডাইরেক্টর **Mr. Kazuhiko Higuchi** উক্ত ঋণচুক্তি স্বাক্ষর করেন। ঋণচুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে বাংলাদেশ সরকার ও এডিবি'র সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় ৩৩৩.৭৭ মিলিয়ন মার্কিন ডলার। এর মধ্যে এডিবি সহজ শর্তের ADF তহবিল হতে দু'পর্যায়ে মোট ২০০ মিলিয়ন মার্কিন ডলার (১২৫ মিঃ+৭৫ মিঃ), এবং OPEC Fund for International Development (OFID) ৪০ মিলিয়ন মার্কিন ডলার ঋণ হিসাবে প্রদান করবে। অবশিষ্ট অর্থের মধ্যে ৯১.৬৩ মিলিয়ন মার্কিন ডলার বাংলাদেশ সরকার এবং ২.১৪ মিলিয়ন মার্কিন ডলার বাস্তবায়নকারী ৩১টি পৌরসভা যোগান দেবে। এডিবি প্রদেয় সহজ শর্তের ADF ঋণ ৫ বছর গ্রেস পিরিয়ডসহ ২৫ বছরে পরিশোধযোগ্য এবং সুদের হার ২%।

স্থানীয় সরকার বিভাগের আওতায় স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) এবং জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (ডিপিএইচই) এ প্রকল্পের Executing Agency এবং নির্বাচিত ৩১টি পৌরসভা এ প্রকল্পের বাস্তবায়নকারী সংস্থা (Implementing Agency) হিসাবে কাজ করবে। প্রকল্পের বাস্তবায়নকাল জুলাই ২০১৪ হতে জুন ২০২০ পর্যন্ত।

এ প্রকল্পের উদ্দেশ্য হলো নির্বাচিত ৩১ টি পৌরসভায় উন্নত পৌরসেবা প্রদান এবং সুশাসন প্রতিষ্ঠা। এ প্রকল্পের মাধ্যমে নিম্ন-বর্ণিত কার্যক্রম সম্পাদিত হবেঃ

(১) নির্বাচিত পৌরসভাসমূহে জেন্ডার ও ক্লাইমেট রেসপনসিভ অবকাঠামো উন্নয়ন (রাস্তাঘাট নির্মাণ, সংস্কার ও পূণর্বাসন, পয়ঃনিষ্কাষণ, স্যানিটেশন, পানিসরবরাহ এবং বস্তি উন্নয়ন); এবং

(২) পৌরসভাসমূহের পরিকল্পনা প্রণয়ন, আর্থিক ব্যবস্থাপনা ও উন্নত পৌরসেবা প্রদানে সক্ষমতা বৃদ্ধি।

এডিবি বাংলাদেশের অন্যতম প্রধান উন্নয়ন সহযোগী। বাংলাদেশ ১৯৭৩ সালে এর সদস্যপদ লাভ করার পর থেকে এ সংস্থা তাদের আর্থিক সহায়তার একটি বড় অংশ বাংলাদেশকে প্রদান করে আসছে। এডিবি এ যাবৎ বাংলাদেশকে ১৫ বিলিয়ন মার্কিন ডলারের অধিক ঋণ-সহায়তা প্রদান করেছে। বাংলাদেশে উন্নয়ন সহায়তার ক্ষেত্রে এডিবি প্রধানতঃ বিদ্যুৎ, জ্বালানি, স্থানীয় সরকার, পরিবহন, শিক্ষা, কৃষি, পানি সম্পদ এবং সুশাসন সেক্টরকে প্রা[illegible]য়।

27.08.2014

মোহাম্মদ নূরে আলম সিদ্দিকী
উপ-সচিব
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

********

E:\ADB3 Section\UGIIP-III\Press Release.docx